অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/20/2021 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেটব্যাপী কমপক্ষে 1,400 সহায়তামূলক আবাসিক ইউনিট তৈরির জন্য গভর্নর হোকলের 35 মিলিয়ন ডলার বরাদ্দের ঘোষণা

এসব সহায়তামূলক আবাসিক ইউনিট ভেটেরান, ঘরোয়া সহিংসতার ভুক্তভোগী, দুর্বল বা অক্ষম প্রবীণ নাগরিক এবং অন্যান্য ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে সাহায্য করবে

এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের ষষ্ঠ রাউন্ডে প্রদানকৃত অনুদানের মধ্যে স্টেটের প্রত্যেক অঞ্চলের আবাসন সেবা প্রদানকারীদের জন্য 192টি অনুদান অন্তর্ভুক্ত রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ বিশেষ চাহিদা, অবস্থা অথবা অন্যান্য চ্যালেঞ্জের সম্মুখীন গৃহহীন ব্যক্তিদের জন্য কমপক্ষে 1,400 ইউনিট সহায়তামূলক আবাসনের জন্য সহায়তা পরিষেবা ও কার্যপরিচালনার তহবিল প্রদান করতে নিউ ইয়র্ক ব্যাপী প্রতিটি অঞ্চলের আবাসন সংস্থাগুলোর জন্য সর্বমোট 35 মিলিয়ন ডলারের 192টি শর্তসাপেক্ষ অনুদান বরাদ্দ করার ঘোষণা দিয়েছেন।

এটি এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগ (Empire State Supportive Housing Initiative, ESSHI)-এর ষষ্ঠ রাউন্ড যা ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী, যেমন ভেটেরান, ঘরোয়া সহিংসতার ভুক্তভোগী, দুর্বল বা অক্ষম প্রবীণ নাগরিক, কারারুদ্ধ থাকা, গৃহহীন থাকা অথবা ফস্টার কেয়ারে থাকার ইতিহাস রয়েছে এমন তরুণ প্রাপ্তবয়স্ক ব্যক্তি, দীর্ঘদিন ধরে গৃহহীন অবস্থায় থাকা ব্যক্তি ও পরিবার, সেইসাথে স্বাস্থ্য, মানসিক স্বাস্থ্য এবং/অথবা মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার সম্মুখীন হওয়া ব্যক্তিদের জন্য সহায়তামূলক আবাসন প্রদানের জন্য তহবিল প্রদান করে সাহায্য করার জন্য আটটি স্টেট সংস্থাকে একত্রিত করেছে।

"আবাসনের অনিরাপত্তা ক্রমাগত ছড়িয়ে পড়তে থাকা মহামারীর সবচেয়ে ক্ষতিকর প্রভাবগুলোর মধ্যে একটি হিসেবে রয়ে গেছে এবং ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের শুধু এই কঠিন সময় পার করা নয়, বরং একটি পরিপূর্ণ জীবন গড়ে তোলার জন্য তাদের প্রয়োজনীয় সংস্থানগুলো পৌঁছে দেয়া নিশ্চিত করাটা আমাদের সবার গুরুদায়িত্ব," **বলেছেন গভর্নর হোকল।** "সহায়তামূলক আবাসন প্রকল্পগুলো গুরুত্বপূর্ণ সহায়তামূলক পরিষেবাগুলোর সঙ্গে সাশ্রয়ী আবাসনের যুগল তৈরি করে গৃহহীনতার মূল কারণগুলোকে টার্গেট করে এবং এই বিনিয়োগের মতো বিনিয়োগগুলোর মাধ্যমে কোনো নিউ ইয়র্কবাসী যাতে পিছিয়ে না পড়েন তা নিশ্চিত করতে আমরা স্টেটের প্রতিটি কোণায় এসব প্রকল্প চালিয়ে যেতে পারবো।"

তহবিল চেয়ে করা আবেদনগুলো পর্যালোচনাকারী ESSHI আন্তঃসংস্থা ওয়ার্কগ্রুপ (ESSHI Interagency Workgroup)-এর মধ্যে অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health, OMH); AIDS ইনস্টিটিউট (AIDS Institute) সহ স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH); নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR); অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports, OASAS); শিশু ও পরিবার বিষয়ক পরিষেবার দপ্তর (Office of Children and Family Services, OCFS); ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তর (Office for the Prevention of Domestic Violence, OPDV); সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance, OTDA) এবং বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য অফিস (Office for People with Developmental Disabilities, OPWDD) এর প্রতিনিধিরা অন্তর্ভুক্ত রয়েছেন।

OMH কমিশনার ড. অ্যান সালিভান বলেন, "সহায়তামূলক আবাসনের বিষয়ে গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতা মানসিক অসুস্থতা ও অন্যান্য চ্যালেঞ্জ নিয়ে বসবাসকারী লোকজনকে সহায়তামূলক পরিষেবাসম্পন্ন নিরাপদ ও স্থিতিশীল বাড়ি প্রদান করছে। এসব অনুদান ব্যক্তি ও পরিবারগুলোকে স্বনির্ভরভাবে জীবন যাপন করার এবং নিজেদের কমিউনিটিতে সফল হওয়ার সুযোগ প্রদান করবে, যা আরোগ্য লাভের পথে একটি অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। OMH এই ESSHI কর্মসূচির অংশ হতে পেরে এবং স্টেটের প্রতিটি অঞ্চলের নিউ ইয়র্কবাসীর জন্য আশার যোগান দিতে পেরে আমরা গর্বিত।"

শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তরের কমিশনার শেইলা জে. পুলি বলেন, "তারা ফস্টার কেয়ারে থেকে বেড়ে উঠুক, ইতোপূর্বে গৃহহীন অবস্থায় থাকুক অথবা কোনো কৈশোরকালীন বিচারিক প্লেসমেন্ট থেকে মুক্ত হয়ে কমিউনিটিতে ফিরে আসুক, যাইহোক না কেন, স্থিতিশীল আবাসন তরুণ প্রাপ্তবয়স্কদের সফলতার মূল ভিত্তি। সুরক্ষিত ও নিরাপদ আবাসন অপরিহার্য স্থিতিশীলতা প্রদান করে যা তরুণ ব্যক্তিদের একটি উজ্জ্বল ভবিষ্যত গড়তে সহায়তা করার জন্য শিক্ষা, কর্মসংস্থান অথবা কোনো কারিগরি শিক্ষা অর্জনের দিকে মনোযোগ দেয়ার সুযোগ করে দেয়।"

সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার বারবারা সি. গুইন বলেন, "সহায়তামূলক পরিষেবাগুলো গৃহহীনতা দূরীকরণ এবং সব নিউ ইয়র্কবাসীর জন্য স্থিতিশীল আবাসনের অ্যাক্সেস থাকা নিশ্চিত করার ক্ষেত্রে আমাদের প্রচেষ্টার অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি অংশ। আমাদের মধ্যকার সবচেয়ে ঝুঁকিপূর্ণ লোকজনের কাছে এসব পরিষেবা পৌঁছে দেয়ার মাধ্যমে, আমরা তাদেরকে তাদের আবাসনের অনিরাপত্তার অন্তর্নিহিত অবস্থাগুলো মোকাবেলায় সাহায্য করতে পারি এবং একটি স্বতন্ত্র পরিবেশে নিরাপদে বসবাস করতে তাদেরকে সাহায্য করতে পারি। এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগকে জোরালো সমর্থন প্রদানের জন্য এবং গৃহহীনতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের জন্য অবিরাম সমর্থন দিয়ে যাওয়ার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

OPDV-এর এক্সিকিউটিভ ডিরেক্টর কেলি ওয়েন্স বলেন, "নিরাপদ ও সাশ্রয়ী আবাসন ছাড়া, ঘরোয়া সহিংসতার শিকার হওয়া বহু ভুক্তভোগীকে হয় তাদের নিপীড়ক সঙ্গীর সাথে

থাকা অথবা গৃহহীনতার সম্মুখীন হওয়া এই দুইয়ের মধ্যে বেছে নেয়ার অসম্ভব সিদ্ধান্ত গ্রহণ করতে বাধ্য হতে হবে। নিউ ইয়র্ক স্টেটের সিস্টেমগুলোকে আরো বেশি ভুক্তভোগী-কেন্দ্রিক, মানসিক আঘাত সম্পর্কে অবহিত ও সাংস্কৃতিকভাবে সাড়া প্রদানকারী করে তোলার জন্য রূপান্তরের এই সময়ে, আমরা পরিষেবাগুলির কাঠামো পুনর্গঠন করছি এবং বহু ধরনের নিপীড়নের ফলে ক্ষতিগ্রস্ত হওয়া পরিবারগুলোকে স্থিতিশীল করার জন্য স্থায়ী আবাসনের সমাধানকে অগ্রাধিকার দিচ্ছি। ঘরোয়া সহিংসতা প্রতিরোধে তার অবিচল অঙ্গীকারবদ্ধতার জন্য এবং ভুক্তভোগীদের জন্য তাদের প্রয়োজনীয় সহায়তা পাওয়া নিশ্চিত করতে তার নেতৃত্বের জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য অফিসের ভারপ্রাপ্ত কমিশনার কেরি নেইফেল্ড বলেন, "গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের সহায়তার ফলে আমরা বিকাশ সংক্রান্ত অক্ষমতাসম্পন্ন ব্যক্তিদের জন্য কমিউনিটি-ভিত্তিক, একীভূত আবাসন সুবিধা উন্নয়ন ও সহায়তা করতে সক্ষম হচ্ছি। একটি নতুন আবাসন প্রকল্প যেমনভাবে আশেপাশের এলাকা ও কমিউনিটিগুলোকে রূপান্তর করতে পারে, একইভাবে এটি একজন ব্যক্তির জীবনও রূপান্তর করে দিতে পারে - তাদেরকে একটি বাড়ি এবং তাদের ভবিষ্যত নির্মাণের একটি ভিত্তি প্রদান করার মাধ্যমে। সাশ্রয়ী, সহায়তামূলক আবাসনের পর্যাপ্ত সরবরাহ থাকাটা বিকাশ সংক্রান্ত অক্ষমতাসম্পন্ন ব্যক্তিদের স্বনির্ভরতা ও সুস্থতা নিশ্চিত করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ যারা তাদের নিজেদের কমিউনিটির সক্রিয় অংশ হতে চান।"

NYS হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল-এর কমিশনার রুথ-অ্যান ভিসনাউকাস বলেন, "এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগ অতি গুরুত্বপূর্ণ প্রয়োজনীয় পরিষেবাগুলোর জন্য তহবিল প্রদান করে থাকে যা ব্যক্তি ও পরিবারগুলোকে আবাসনের নিরাপত্তা, আর্থিক স্থিতিশীলতা ও স্বাস্থ্যের ক্ষেত্রে উন্নত ফলাফল অর্জনে সাহায্য করে। এই সফল কর্মসূচি স্টেটব্যাপী একীভূত ও অন্তর্ভুক্তিমূলক সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্পগুলো নির্মাণ ও সংরক্ষণের জন্য HCR-এর প্রচেষ্টার পরিপূরক হিসেবে কাজ করছে। ESSHI-এর রাউন্ড 6-এর অনুদানের কল্যাণে, আনুমানিক 8,000 নিউ ইয়র্কবাসী নিজেদের বাড়ি পাবেন এবং জীবন-রক্ষাকারী ও অপরিহার্য সেবার অ্যাক্সেস পাবেন।"

OASAS কমিশনার ড. শিনাজো কানিংহ্যাম বলেন, "আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য নিরাপদ ও স্থায়ী সহায়তামূলক আবাসন প্রদান করা নিশ্চিত করতে স্টেট সংস্থাগুলোর মধ্যকার এই সহযোগিতামূলক প্রচেষ্টাকে আমি সাধুবাদ জানাই। এসব উন্নয়ন প্রকল্প OASAS-এর সেবা প্রদান অব্যাহত রাখার একটি অপরিহার্য অংশ যা আমাদেরকে লোকজনের সুস্থ ও উৎপাদনমুখী জীবনযাপন করায় সহায়তা করার ক্ষেত্রে সক্ষম করে তোলে।"

নিউ ইয়র্ক স্টেটের ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন, "গৃহহীনতার সংকটের সুদূর প্রসারী জনস্বাস্থ্য প্রভাব রয়েছে। গৃহহীন লোকজন একটি সুস্থ জীবনযাপনের জন্য একটি গুরুত্বপূর্ণ সংস্থানের অভাবে ভুগেন। নিউ ইয়র্কের সংস্থাগুলো নিরাপদ ও সাশ্রয়ী আবাসন প্রদানের জন্য একসঙ্গে কাজ করছে যা স্টেটব্যাপী উন্নত স্বাস্থ্য সুবিধার ফলাফল বয়ে আনবে।"

মানসিক অসুস্থতা এবং অন্যান্য বিশেষ চাহিদা নিয়ে বসবাসকারী পরিবার ও ব্যক্তিদের জন্য উন্নয়ন ও চলমান সহায়তার ব্যবস্থা করার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেট দেশের মধ্যে নেতৃস্থানীয় অবস্থানে রয়েছে। সহায়তামূলক আবাসন ব্যক্তি ও পরিবারগুলোর জন্য স্থিতিশীলতা, নিরাপত্তা এবং আরোগ্য লাভের পথে এগিয়ে যাওয়ার সময়ে তাদের নিজেদের বাড়িতে ও কমিউনিটিতে বসবাস করার সুযোগ প্রদান করতে দেখা গেছে। এছাড়াও সহায়তামূলক পরিষেবা সহ আবাসন জরুরি বিভাগে ব্যয়বহুল ভিজিট এবং হাসপাতালে ভর্তি হয়ে থাকা কমিয়ে দেয়।

শর্তসাপেক্ষ অনুদানগুলো স্থায়ী সহায়তামূলক আবাসিক ইউনিট পরিচালনার জন্য পরিষেবা প্রদান ও কার্যপরিচালনা করার তহবিল হিসেবে প্রদান করা হবে। এসব অনুদান তাদের আবাসন প্রকল্পের উন্নয়ন ও নির্মাণকাজের জন্য অর্থায়নের উদ্দেশ্যে পৃথক মূলধনী তহবিল গ্রহণের সুযোগ করে দিবে।

টার্গেটকৃত উপযুক্ত জনগোষ্ঠীর আবাসনের স্থিতিশীলতা নিশ্চিত করতে ভাড়া সংক্রান্ত সহায়তা ও পরিষেবাগুলো প্রদানের জন্য অনুদানগুলো ব্যবহার করা যেতে পারে, যার মধ্যে নিম্নলিখিতগুলো অন্তর্ভুক্ত থাকতে পারে:

- প্রাথমিক ও আচরণগত স্বাস্থ্যসেবা;
- কর্মসংস্থান ও কারিগরি প্রশিক্ষণ এবং/অথবা সহায়তা;
- শিক্ষা সহায়তা, যেমন GED সহায়তা;
- সন্তান লালন-পালনের দক্ষতা উন্নয়ন ও সহায়তা;
- চাইল্ড কেয়ার সহায়তা;
- কাউন্সেলিং ও সংকটকালীন মধ্যস্থতা;
- শিশুদের পরিষেবাগুলো, যেমন শিক্ষা সংক্রান্ত পরামর্শ, সহায়তা ও কাউন্সেলিং; এবং
- আবাসনের প্রয়োজন রয়েছে এমন ব্যক্তিদের শনাক্ত করা ও খুঁজে বের করার জন্য পরিষেবা বা কর্মী।

অঞ্চল অনুযায়ী প্রদানকৃত অনুদানগুলোর মধ্যে রয়েছে:

<u>CAPITAL REGION</u>
CARES of NY, Inc.
The Albany Damien Center Inc.
Rehabilitation Support Services, Inc.
Unity House of Troy Inc. (7 awards)
Mohawk Opportunities, Inc.
Better Community Neighborhoods, Inc.

<u>CENTRAL NEW YORK</u>
DePaul Community Services, Inc. (2 awards)
The Salvation Army

Rehabilitation Support Services, Inc.
RISE Housing and Support Services, Inc.
Better Community Neighborhoods, Inc.
Unity House of Cayuga County, Inc.
Liberty Resources, Inc.
Elmcrest Children's Center, Inc.
Catholic Charities of the Roman Catholic Diocese of Syracuse, Ny
Helio Health, Inc
ARISE Child and Family Service Inc.
DePaul Community Services, Inc.
Oswego County Opportunities Inc.
AccessCNY, INC.
Visiting Nurse Association of Central New York, Inc.

FINGER LAKES

YWCA Rochester and Monroe County (2 awards)
The Salvation Army
Finger Lakes Area Counseling and Recovery Agency- FLACRA (2 awards)
Eagle Star Housing, Inc.
Catholic Charities of the Diocese of Rochester (2 awards)
Urban League of Rochester, NY Inc.
Eagle Star Housing, Inc.
Helio Health, Inc (2 awards)
Episcopal SeniorLife Communities
DePaul Community Services, Inc. (2 awards)
Eagle Star Housing, Inc.
Volunteers of America of Western New York, Inc. (2 awards)
Veterans Outreach Center, Inc.

LONG ISLAND

SELFHELP COMMUNITY SERVICES
Options for Community Living, Inc.
CONCERN FOR INDEPENDENT LIVING INC (9 awards)
WellLife Network Inc. (3 awards)
Federation of Organizations for the NYS Mentally Disabled, Inc.
FAMILY SERVICE LEAGUE, INC
New Ground Inc.
NEW HOUR FOR WOMEN AND CHILDREN -LI

MID-HUDSON

SISTERS OF CHARITY HOUSING DEVELOPMENT CORPORATION

Hudson River Housing, Inc.
Search for Change, Inc.
Community Housing Innovations Inc.
Rehabilitation Support Services, Inc. (3 awards)
PEOPLe: Projects to Empower and Organize the Psychiatrically Labeled, Inc.
Lower West Side Household Svc. Corp
St Dominic's Family Services
RUPCO, Inc.
THE CHILDRENS VILLAGE, INC
Hudson River Housing, Inc. (7 awards)
Search for Change, Inc.
FAMILY OF WOODSTOCK INC (2 awards)
St. Joseph's Hospital, Yonkers
St Dominic's Family Services
Mental Health America of Dutchess County, Inc.
Access: Supports for Living Inc.
Regional Economic Community Action Program
Rehabilitation Support Services, Inc.
THE WARTBURG HOME OF THE EVANGELICAL LUTHERAN CHURCH
THE NEWBURGH MINISTRY INC.

MOHAWK VALLEY

Community Action Program for Madison Co Inc.
Mohawk Valley Community Action Agency Inc
DePaul Community Services, Inc. (3 awards)

NEW YORK CITY

Common Ground Management
PROJECT RENEWAL INC
The Jewish Board of Family and Children's Services, Inc
CAMBA Inc.
Transitional Services for New York, Inc.
NEW DESTINY HOUSING CORP
WellLife Network Inc. (6 awards)
Brooklyn Community Housing and Services, Inc.
The Bridge, Inc. (3 awards)
Community Access Inc.
Providence House Inc.
RiseBoro Community Partnership Inc. (2 awards)
West Side Federation for Senior and Supportive Housing, Inc.

St. Vincent's Services, Inc.
Sheltering Arms Children and Family Services, Inc.
Federation of Organizations for the NYS Mentally Disabled, Inc.
Bowery Residents Committee, Inc.
CATHOLIC CHARITIES COMMUNITY SERVICES, ARCHDIOCESE OF NEW YORK (CCCS)
Common Ground Management
WellLife Network Inc.
Community Housing Innovations Inc.
Catholic Charities Neighborhood Services, Inc.
Comunilife Inc.
Housing Plus Solutions, Inc.
Broadway Housing Communities, Inc.
MOSHOLU MONTEFIORE COMMUNITY CENTER, INC. (2 awards)
Housing Plus Solutions, Inc.
Practice of Peace Foundation, Inc. (2 awards)
NOT ON MY WATCH, INC.
Unique People Services Inc.
AIDS SERVICE CENTER OF LOWER MANHATTAN, INC
The Puerto Rican Organization to Motivate, Enlighten, and Serve Addicts, Inc. (PROMESA) (2 awards)
Services for the Underserved, Inc. (2 awards)
Institute for Community Living, Inc.

NORTH COUNTRY

Citizen Advocates, Inc.
Behavioral Health Services North
North Country Transitional Living Services, Inc.
Eagle Star Housing, Inc.
Domestic Violence and Rape Crisis Services of Saratoga County (3 awards)

SOUTHERN TIER

Young Women's Christian Association of Binghamton & Broome County Inc.
The Salvation Army (2 awards)
Rehabilitation Support Services, Inc.
Eagle Star Housing, Inc.
People Inc.
The Mental Health Association of Westchester Inc.
Family Enrichment Network Inc.
Catholic Charities of the Diocese of Rochester
Catholic Charities of the Diocese of Rochester DBA Catholic Charities of Steuben

Young Women's Christian Association of Binghamton & Broome County Inc.
Liberty Resources, Inc.
Catholic Charities of Chenango County
Corning Council for Assistance & Information for the Disabled
STEUBEN CHURCH PEOPLE AGAINST POVERTY, INC.

WESTERN NEW YORK
Community Services for Every1 Inc
The Salvation Army (2 awards)
BestSelf Behavioral Health Inc. (4 awards)
People Inc.
DePaul Community Services, Inc. (3 awards)
SOUTHERN TIER ENVIRONMENTS FOR LIVING, INC
Hope of Buffalo, Inc.
Young Women's Christian Association of the Niagara Frontier, Inc.
East House Corporation
Buffalo Federation of Neighborhood Centers Inc. (2 awards)
RESTORATION SOCIETY, INC.
People Inc.
Transitional Services Inc
CATTARAUGUS COMMUNITY ACTION INC
Cazenovia Recovery Systems, Inc.
SOLDIER ON, INC.
SOUTHERN TIER ENVIRONMENTS FOR LIVING, INC

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন